



## সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুড সেফটি নেটওয়ার্ক (বিএফএসএন) নিরাপদ খাদ্য বিষয়ে জনসচেতনামূলক কার্যক্রম ও নিরাপদ খাদ্য প্রাপ্তি নিয়ে কাজ করে এমন ৫টি সংগঠনের একটি নেটওয়ার্ক। এই নেটওয়ার্কের সদস্য সংগঠনগুলো হলো কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব), উবিনীগ, হান্সার ফ্রি ওয়ার্ল্ড, শিউশুক ও বি-সেফ ফাউন্ডেশন। এই নেটওয়ার্কটি জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (এফএও) এর সহযোগিতায় ২০১০ সালে গঠিত হয়।

বাংলাদেশ ফুড সেফটি নেটওয়ার্ক (বিএফএসএন) এর আয়োজনে আগামী বুধবার ২৪ মে, ২০১৭ তারিখে সকাল ১১:০০টায় ঢাকা রিপোর্টার্স ইউনিটি (নীচতলা), সেগুনবাগিচা, ঢাকায় 'রমজান মাসের রকমারী ইফতার' নিরাপদ খাদ্যের আলোকে একটি মতবিনিময় সভার অয়োজন করা হয়েছে। এই সভায় সভাপ্রধান হিসাবে উপস্থিত থাকবেন জনাব গোলাম রহমান, সভাপতি, কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব)। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (বিএফএসএ)-এর চেয়ারম্যান জনাব মোঃ মাহফুজুল হক। উক্ত অনুষ্ঠানে জাতিসংঘের কৃষি ও খাদ্য সংস্থার ফুড সেফটি প্রোগ্রামের সিনিয়র ন্যাশনাল এডভাইজার প্রফেসর ডাঃ শাহ মুনির হোসেন প্রধান বক্তা হিসেবে উপস্থিত থাকার সম্মতি জ্ঞাপন করেছেন।

ওই অনুষ্ঠানের সংবাদ সংগ্রহের জন্য আপনার পত্রিকা/বেতার/টেলিভিশন চ্যানেলের একজন রিপোর্টার ও একজন ফটোসাংবাদিক পাঠানোর জন্য অনুরোধ করছি।

ধন্যবাদসহ

(আনোয়ার পারভেজ)

তথ্য কর্মকর্তা, ক্যাব

মোবাইল: ০১৭১৬-৩১৪৬২৯

